

## যশোর পলিটেকনিকে ছাত্রলীগের তাওক কলেজ বন্ধ

■ যশোর অফিস  
শিক্ষার্থী ভর্তির দাবিতে গতকাল  
সোমবার যশোর পলিটেকনিক  
ইনস্টিটিউট কলেজে ছাত্রলীগ ক্যাডাররা  
ডাওব চালিয়েছে বলে অভিযোগ পাওয়া  
গেছে। গতকাল বেলা ১১টার দিকে  
ছাত্রলীগ বহিরাগতরা কলেজের  
অধ্যক্ষের রুমসহ বিভিন্ন ক্লাসরুম ও  
ল্যাবরেটরি জাফুর করেছে। এসময়  
শিক্ষকদের জীবননাশের হুমকি দেয়া  
হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে  
গেলে কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ  
ঘোষণা করে কলেজ প্রশাসন।  
হোস্টেলের শিক্ষার্থীদেরও হল তাগের  
নির্দেশ দেয়া হয়। কলেজে অতিরিক্ত  
পুলিশ মোতায়েন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শী ও কলেজ প্রশাসন  
দুজ্জো জানা গেছে, কলেজে রবিবার  
ছাত্রলীগ নামধারী একদল ক্যাডার  
পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষের  
কক্ষে ঢুক শূন্য আসনে তাদের প্রার্থীকে  
ভর্তির জন্য অধ্যক্ষকে হুমকি দেয়। পরে  
গতকাল এই কলেজের ছাত্রলীগ নেতা  
ইসলামিক বিভাগের ছাত্র নূর ইসলাম  
নূরের নেতৃত্বে একদল যুবক রড,  
হুকিহুকি, লাঠি ও দেশীয় অস্ত্র নিয়ে  
কলেজে ডাওব চালায়। তারা অধ্যক্ষের  
রুম, বিভিন্ন ক্লাস রুম, লাইব্রেরি ও  
ওয়ার্কসপ জাফুর করে।

কলেজ অধ্যক্ষ শামসুল আলম  
জানান, হামলার ঘটনায় ধানঘরে  
অভিযোগ করা হবে।